



জেলা পরিষদ কার্যালয়

হবিগঞ্জ।

www.zphabiganj.gov.bd

স্মারক নং- ৪৬.৬০.৩৬০০.০০১.১১.০০১.২৬.১৫৩

তারিখঃ- ১১/১০/২০২৬খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখার), ১৯.০৫.২০২৬খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৬.১৮.৯৫২ নম্বর স্মারকের ছাড়পত্রের আলোকে হবিগঞ্জ জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০২৬ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	সাঁটলিপিকার	০১	২৪০০০-৫৮০০০/- (গ্রেড-১৩)	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজীতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাস্থির প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাস্থির প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স সীমা শিথিলযোগ্য।
০২	উচ্চমান সহকারী	০১	২৩৫০০-৫৬৮০০/- (গ্রেড-১৪)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমানের ডিগ্রী এবং দাপ্তরিক চিঠিপত্র লিখন কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	নিম্নমান সহকারী কাম মুদ্রাস্থির/ কম্পিউটার অপারেটর	০১	২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। (খ) ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতা।
০৪	অফিস সহায়ক	০১	২০০০০-৪৮৪০০/- (গ্রেড-২০)	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা ও নাগরিক হতে হবে।
- ০২। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১(এক) পাতার চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফর্ম জেলা পরিষদ, হবিগঞ্জের ওয়েবসাইট (www.zphabiganj.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) ও (www.forms.gov.bd) এ পাওয়া যাবে।
- ০৩। প্রার্থীর আবেদন পত্রে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে :
(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) প্রার্থীর বয়স ১১/১১/২০২৬ খ্রিঃ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ পর্যন্ত চাকুরিতে প্রবেশের বয়স সংক্রান্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি কার্যকর হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) মোবাইল নম্বর (ট) কোটা (যদি থাকে) (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)।
- ০৪। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সকল পরীক্ষার সনদ এর ফটোকপি।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪ (চার) কপি ছবি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
(ঘ) প্রার্থীর নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ।
(চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণের সত্যায়িত সনদ।
(ছ) আবেদনপত্রের সাথে ২০০/- টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে।
(জ) যোগাযোগের ঠিকানাসহ লিখিত ফেরত খাম ৯.৫০" x ৪.৫০" সাইজের এবং ১২ (বারো) টাকার ডাকটিকেট সংযুক্ত করতে হবে।
- ০৫। খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফর্ম প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ বরাবর আগামী ১২/১১/২০২৬খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৬। (ক) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরসন্মান প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে।
(খ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরসন্মান প্রমাণক এবং মুক্তিযোদ্ধার সঙ্গে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর, পৌরসভার মেয়র/প্রশাসক ও পৌরসভার কাউন্সিলর কর্তৃক সার্টিফিকেট থাকতে হবে।
(গ) চাকুরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্য ও সার্টিফিকেটের তথ্য গভর্মেন্ট পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিষয়ে তদন্ত করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- ০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/স্বদু নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা সংরক্ষণ করা হবে। সরকার নির্ধারিত কোটায় আবেদনকারী সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত সনদপত্র থাকতে হবে। নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হইতে পূরণ করা হইবে।
- ০৮। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট ফটোকপি দাখিল করতে হবে।

- ০৯। চাকুরীর শর্তাবলী বেতন/ভাতা/অন্যান্য সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০(সংশোধিত-২০২২) এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ কর্মকর্তা/কর্মচারী) চাকুরী বিধিমালা- ১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।
- ১০। নিয়োগের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে নিয়োগ সংক্রান্ত গঠিত জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। চাকুরীরত প্রার্থীদের তাদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অত্রাফিসে দাখিল করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১২। চাকুরীতে যোগদানের পূর্বে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে ফিটনেস সার্টিফিকেট দাখিল করতে হবে। কোন তথ্য গোপন করলে/ভুল তথ্য প্রদান করলে/পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৩। আবেদনপত্র সমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীকে নির্বাচনী পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১৪। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত/নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১৫। জেলা পরিষদ নিয়োগ কর্তৃপক্ষ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বা যে কোন/সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন অথবা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৬। নিয়োগ সংক্রান্ত তথ্যাদি জেলা পরিষদ এর ওয়েব সাইট www.zphabiganj.gov.bd থেকে জানা যাবে।


(অরুণ কুমার পাল)


প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, হবিগঞ্জ
ফোন-০২৯৯৬-৬০৫৯১১
zphabiganj@gmail.com

তারিখঃ ১১/১০/২০২৬খ্রিঃ

স্মারক নং- ৪৬.৬০.৩৬০০.০০১.১১.০০১.২৬.

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
- ০৫। প্রশাসক, জেলা পরিষদ, হবিগঞ্জ।
- ০৬। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০৭। পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ----- (সকল)।
- ০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
- ১০। সিভিল সার্জন, হবিগঞ্জ।
- ১১। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ।
- ১২। প্রশাসক, ----- পৌরসভা, (সকল) হবিগঞ্জ।
- ১৩। প্রশাসক, উপজেলা পরিষদ----- (সকল) হবিগঞ্জ।
- ১৪। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল) হবিগঞ্জ।
- ১৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হবিগঞ্জ।
- ১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, হবিগঞ্জ।
- ১৭। হিসাব রক্ষক, জেলা পরিষদ, হবিগঞ্জ।
- ১৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ঢাকা, The Daily Star, ঢাকা, দৈনিক খোয়াই, হবিগঞ্জ, দৈনিক প্রতিদিনের বাণী, হবিগঞ্জ। স্বল্প পরিসরে ভিতরের পাতায় (৩কলাম X ১৪ইঞ্চি) বিজ্ঞাপনটি ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৯। অফিস কপি।


(অরুণ কুমার পাল)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, হবিগঞ্জ